**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৬/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ২ ফেব্রুয়ারি ২০১৭, ২০ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সাহিত্যচর্চাই পারে বিপথগামীদের পথে আনতে : প্রধানমন্ত্রী

২। সব নির্বাচন সুষ্ঠু করতে নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহায়তা করেছে সরকার : প্রধানমন্ত্রী

৩। যুদ্ধাপরাধীদের বিচার নিশ্চিতে সরকার দৃঢ় প্রত্যয় নিয়ে কাজ করছে : প্রধানমন্ত্রী

৪। ঢাকায় ফিলিস্তিনী প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে লালগালিচা সংবর্ধনা

৫। সোয়া দুই লাখ কৃষককে ৩৩ কোটি টাকার প্রণোদনা : কৃষিমন্ত্রী

৬। এবার হজে যাবেন ১ লাখ ২৭ হাজার বাংলাদেশি
: বাংলাদেশ-সৌদি আরব দ্বিপাক্ষিক হজ চুক্তি স্বাক্ষর

৭। রোহিঙ্গাদের অস্থায়ীভাবে নোয়াখালীর হাতিয়ায় নেওয়ার সিদ্ধান্ত : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

৮। বাংলায় রায় দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে : প্রধান বিচারপতি

৯। স্থানীয় সরকারকে শক্তিশালী করতে ৩০০ মিলিয়ন ডলার দেবে বিশ্বব্যাংক

১০। তথ্য অধিদফতরের প্রধান তথ্য কর্মকর্তা হিসেবে ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনের দায়িত্ব গ্রহণ

১১। ঢাকায় সফটওয়্যার মেলা শুরু

১। **সাহিত্যচর্চাই পারে বিপথগামীদের পথে আনতে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিপথে যাওয়া ছেলে-মেয়েরা সাহিত্য ও সংস্কৃতিচর্চার মধ্য দিয়ে সুপথে ফিরে আসবে বলে আশাবাদ ব্যক্ত করে বলেছেন, আমাদের ছেলে-মেয়েরা এখন বিপথে (সন্ত্রাস-জঙ্গিবাদ-মাদকাশক্তি) চলে যাচ্ছে। তাদের সেই ভুল পথ থেকে বিরত রাখা যায় কেবল সাহিত্যচর্চার মাধ্যমে। লেখাপড়া, সংস্কৃতিচর্চা যত বেশি হবে ততই তারা ভালো পথে চলে আসবে বলে আমি বিশ্বাস করি। গতকাল **১** ফেব্রুয়ারি বুধবার রাজধানীর বাংলা একাডেমিতে অমর একুশে গ্রন্থমেলার উদ্বোধনকালে প্রধানমন্ত্রী একথা বলেন। একই সাথে প্রধানমন্ত্রী ৪ দিনব্যাপী 'আন্তর্জাতিক সাহিত্য সম্মেলন-২০১৭' উদ্বোধন এবং 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৬' বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**সংবাদ, ইত্তেফাক, যুগান্তর, সমকাল, জনকণ্ঠ, যায়যায়দিন, বাংলাদেশ টুডে, অবজারভার, ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ, ডেইলি স্টার**সহঅধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **সব নির্বাচন সুষ্ঠু করতে নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহায়তা করেছে সরকার : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এখন পর্যন্ত সারাদেশে অনুষ্ঠিত সব নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনের (ইসি) চাহিদা মোতাবেক সরকার সর্বাত্মক সহায়তা করেছে। গতকাল **১** ফেব্রুয়ারি বুধবার জাতীয় সংসদের **১৪** তম অধিবেশনের ৮ম কার্যদিবসে প্রধানমন্ত্রী জাসদের সংসদ সদস্য নাজমুল হক প্রধানের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সব নির্বাচনে ভোটাররা যাতে নির্বিঘ্নে ও স্বাচ্ছন্দ্যে ভোটকেন্দ্রে যেতে পারেন এবং ভোটাররা ভোট দিয়ে নিরাপদে বাড়ি ফিরে যেতে পারেন, সেজন্য নিরাপদ পরিবেশ সৃষ্টির লক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬) **অবজারভার** (পৃ.২,ক.২)।

৩। **যুদ্ধাপরাধীদের বিচার নিশ্চিতে সরকার দৃঢ় প্রত্যয় নিয়ে কাজ করছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ সরকার ত্রিশ লাখ শহিদদের রক্তের ঋণ পরিশোধে একাত্তরের ঘৃণ্য ঘাতক, দালাল তথা যুদ্ধাপরাধীদের বিচার নিশ্চিত করে এ দেশকে কালিমামুক্ত করার দৃঢ় প্রত্যয় নিয়ে কাজ করে যাচ্ছে। আর সরকার জনগণের জানমালের নিরাপত্তা বিধান ও দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় দৃঢ়প্রতিজ্ঞ। সব ধরনের নাশকতা ও সহিংসতা প্রতিরোধ করে দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল **১** ফেব্রুয়ারি বুধবার জাতীয় সংসদে সংসদ শফিকুল ইসলাম শিমুলের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৪। **ঢাকায় ফিলিস্তিনী প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসকে লালগালিচা সংবর্ধনা**

ফিলিস্তিনী প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস গতকাল **১** ফেব্রুয়ারি বুধবার তিনদিনের এক সরকারি সফরে ঢাকা পৌঁছালে তাকে লালগালিচা সংবর্ধনা দেওয়া হয়। একটি বিশেষ ফ্লাইটে মাহমুদ আব্বাস বিকাল ৫ টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছালে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তাকে স্বাগত জানান। বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর একটি চৌকস দল মাহমুদ আব্বাস ও তার সফরসঙ্গীদের গার্ড অব অনার প্রদান করে। এ সময় বিমানবন্দরে রাষ্ট্রপতির সঙ্গে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী এ এম এ মুহিত। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু, বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী, পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী এ কে এম মোজাম্মেল হক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)। **ইত্তেফাক, এশিয়ান এজ, ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে, অবজারভার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৫। **সোয়া দুই লাখ কৃষককে ৩৩ কোটি টাকার প্রণোদনা : কৃষিমন্ত্রী**

আউশ ধানের উৎপাদন বৃদ্ধি, কুমড়া জাতীয় সবজির পোকা দমন, পাট ও আখের উৎপাদন বৃদ্ধির জন্য সোয়া দুই লাখ প্রান্তিক কৃষককে প্রায় ৩৩ কোটি টাকা প্রণোদনা দেবে সরকার। প্রণোদনার অংশ হিসেবে কৃষকরা

সার, বীজ, ফাঁদ ও প্রদর্শনীর সরঞ্জাম এবং সেচ সুবিধা পাবেন। প্রণোদনার কারণে অতিরিক্ত প্রায় ৭৭ হাজার টন চাল উৎপাদন হবে। গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এ তথ্য জানান। কৃষিমন্ত্রী বলেন, উৎপাদন বৃদ্ধিতে উফশী আউশে ৫১ জেলায় ২৭ কোটি ১০ লাখ টাকা, নেরিকা আউশে ৪০ জেলায় ৩ কোটি ৯০ লাখ টাকা প্রণোদনা দেওয়া হবে। এছাড়া ৬৪ জেলায় কুমড়া জাতীয় সবজির



মাছি পোকা দমনে, ৭ জেলায় পাট ও চট্টগ্রামে আখের উৎপাদন বৃদ্ধিতে এক কোটি ৯০ লাখ টাকা প্রণোদনা দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.৮)।

**৬। এবার হজে যাবেন ১ লাখ ২৭ হাজার বাংলাদেশি : বাংলাদেশ-সৌদি আরব দ্বিপাক্ষিক হজ চুক্তি স্বাক্ষর**

গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার বাংলাদেশ-সৌদি আরব দ্বিপাক্ষিক হজ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সৌদি আরবে বাংলাদেশ সময় দুপুরে ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান ও সৌদি আরবের হজ ও ওমরাহ বিষয়ক মন্ত্রী ড. মোহাম্মদ সালেহ বিন তাহের বেনতেন চুক্তিপত্রে স্বাক্ষর করেন। চুক্তি অনুযায়ী চলতি বছর সরকারি ব্যবস্থাপনায় ১০ হাজার এবং বেসরকারি ব্যবস্থাপনায় এক লাখ ১৭ হাজার ১৯৮ জন হজ করতে সৌদি আরব যাবেন। সরকারি ও বেসরকারি মিলিয়ে মোট এক লাখ ২৭ হাজার ১৯৮ জন হজ করতে পারবেন। ধর্মমন্ত্রীর নেতৃত্বে পাঁচ সদস্যের প্রতিনিধি দল গত ৩০ জানুয়ারি সোমবার রাতে বাংলাদেশ বিমানের ফ্লাইটে সৌদিআরব যান। বাংলাদেশ হজ প্রতিনিধি দল দক্ষিণ এশীয় হাজি সেবা সংস্থা (মোয়াসসাসা) ইউনাইটেড জেনারেল কার সিন্ডিকেট, মদিনা আদিল্লা অফিস ও সৌদি সিভিল অ্যাভিয়েশন কার্যালয়ের সঙ্গে আলাদা পাঁচটি চুক্তি স্বাক্ষর হয় বলে জানা গেছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১১,ক.৬)।

**৭। রোহিঙ্গাদের অস্থায়ীভাবে নোয়াখালীর হাতিয়ায় নেওয়ার সিদ্ধান্ত : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম জানিয়েছেন, কক্সবাজারে অবস্থানরত ও নিবন্ধিত মিয়ানমার নাগরিকদের অস্থায়ীভাবে নোয়াখালীর হাতিয়া এলাকায় নিয়ে যাওয়ার নীতিগত সিদ্ধান্ত হয়েছে। মিয়ানমার নাগরিকদের দেশে ফেরার প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত তাদেরকে অস্থায়ী এই ক্যাম্পে রাখা হবে। বিদেশি গণমাধ্যমে রোহিঙ্গাদের নিয়ে বিভিন্ন ধরনের রিপোর্ট প্রকাশিত হচ্ছিল। এসব রিপোর্ট প্রকাশের পর গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার পররাষ্ট্র প্রতিমন্ত্রী তার দফতরে মিডিয়ার কাছে সরকারের অবস্থান ব্যাখ্যা করেন। প্রতিমন্ত্রী বলেন, কক্সবাজারে নতুন রোহিঙ্গাদের চাপ বেড়ে যাওয়া এবং আগে থেকে সেখানে ৩২ হাজার নিবন্ধিত রোহিঙ্গা শরণার্থী এবং প্রায় ৩ লাখ অনিবিন্ধিত মিয়ানমার নাগরিক দীর্ঘ সময় ধরে রয়েছেন। উদ্ভুত পরিস্থিতিতে সেখানে নানা ধরনের সঙ্কট বিশেষত; ত্রাণসঙ্কুলান না হওয়ার পরিপ্রেক্ষিতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১০,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৮। বাংলায় রায় দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে : প্রধান বিচারপতি**

উচ্চ আদালতে বাংলায় রায় প্রদানের ক্ষেত্রে আইনজীবী এবং শিক্ষাবিদদের ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। তিনি বলেছেন, বাংলায় রায় দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে। ইতিমধ্যে হাইকোর্টের অনেক বিচারপতি বাংলায় রায় দিয়েছেন। আপিল বিভাগে বাংলায় রায় লিখতে নতুন একটি ডিভাইস খোঁজ করা হচ্ছে। ডিভাইসের মাধ্যমে বাংলায় রায় ঘোষণার সময় বক্তব্য রেকর্ড হয়ে তা সরাসরি প্রিন্ট হয়ে বের হয়ে আসবে। গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে সরস্বতী পুজার অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। স্থানীয় সরকারকে শক্তিশালী করতে ৩০০ মিলিয়ন ডলার দেবে বিশ্বব্যাংক**

বাংলাদেশ তৃণমূল পর্যায়ে স্থানীয় সরকারকে শক্তিশালী করতে ৩০০ মিলিয়ন মার্কিন ডলার অর্থায়নের অনুমোদন দিয়েছে বিশ্বব্যাংক। এর ফলে ১১৫ মিলিয়নেরও বেশি স্থানীয় জনগণ লাভবান হবেন। প্রকল্পটি ইউনিয়ন পরিষদের জাতীয় বাজেট হতে বরাদ্দ নিশ্চিত করবে। বিশ্বব্যাংকের ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন

(আইডিএ) থেকে পাওয়া এই ঋণ ছয় বছরের গ্রেস পিরিয়ডসহ ৩৮ বছরে পরিশোধ করতে হবে। এতে শূন্য দশমিক ৭৫ শতাংশ হারে সার্ভিস চার্জ দিতে হবে। গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার ওয়াশিংটনে বিশ্বব্যাংকের সদর দফতরে এ অনুমোদন দেওয়া হয়েছে। সংস্থাটির ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.২), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

**১০। তথ্য অধিদফতরের প্রধান তথ্য কর্মকর্তা হিসেবে ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনের দায়িত্ব গ্রহণ**

তথ্য অধিদফরের প্রধান তথ্য কর্মকর্তা হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন। তিনি এ কে এম শামীম চৌধুরীর স্থলাভিষিক্ত হন। ৩১ জানুয়ারি সদ্যবিদায়ী প্রধান তথ্য কর্মকর্তা এ কে এম শামীম চৌধুরী অবসরোত্তর ছুটিতে (পিআরএল) গেছেন। গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার এক তথ্য বিবরণীতে এ তথ্য জানানো হয়। বিসিএস ১৯৮৪ নিয়মিত ব্যাচের কর্মকর্তা ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন আগে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের প্রধান নির্বাহী



ছিলেন। এছাড়া তিনি চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক, অতিরিক্ত প্রধান তথ্য কর্মকর্তাসহ বিভিন্ন দায়িত্ব পালন করেন। সূত্র : **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.৭,ক.৫)।

**১১। ঢাকায় সফটওয়্যার মেলা শুরু**

সফটওয়ার এবং তথ্যপ্রযুক্তি সেবা প্রদর্শনের জন্য গতকাল ১ ফেব্রুয়ারি বুধবার থেকে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শুরু হয়েছে ‘বেসিস সফটএক্সপো ২০১৭’ নামের মেলা। এ আয়োজন চলবে ৪ ফেব্রুয়ারি পর্যন্ত। মেলার উদ্বোধন করেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। তিনি বলেন, সময় এসেছে দ্রুত বর্ধনশীল অর্থনীতির সঙ্গে সফটওয়্যার খাতকে কীভাবে কাজে লাগানো যায় সে বিষয়ে পদক্ষেপ নেওয়ার। আইসিটিবান্ধব পরিবেশ তৈরি করতে সফওয়্যার খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে সরকার। পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের আয় বাড়াতে স্থানীয় বাজারকে আরও গুরুত্ব দিতে হবে। স্থানীয় চাহিদা পূরণে কাজ করার পাশাপাশি রপ্তানি আয় বাড়াতে হবে। উদ্বোধন অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদপলক। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৭,ক.৫), **ইনকিলাব** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ভেজাল ও অনিরাপদ খাবার তৈরি ও বিপণন বন্ধে ভ্রাম্যমান আদালতের অভিযান আরো জোরদার করার বলে সুপারিশ।

খ. **সংবাদ :** গাইবান্ধার সাঁওতাল পল্লীতে আগুন লাগানোর ঘটনায় স্থানীয়রা ছাড়াও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তিন সদস্যের সক্রিয়ভাবে জড়িত থাকার প্রমাণ পাওয়ার পরিপ্রেক্ষিতে অভিযুক্ত পুলিশ সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর :** কোনো জাতি তার নিজ ভাষা ও সংস্কৃতিকে অবজ্ঞা করে সামনে অগ্রসর হতে পারে না, এটা সর্বস্তরের মানুষকে অনুধাবন করতে হবে এবং সব মাতৃ ও আঞ্চলিক ভাষাকেই সমান মর্যাদা দিয়ে সংরক্ষণ করতে হবে বলে অভিমত।

ঘ. **প্রথম আলো :** গ্রেপ্তার ও রিমান্ড বিষয়ে সুপ্রিম কোর্টের দিক নির্দেশনা অনুসরণ করার সুপারিশ।

ঙ. **সমকাল :** কৃষিপণ্যের রপ্তানি সক্ষমতা বাড়াতে কৃষিতে বিনিয়োগ বাড়ানো অপরিহার্য শর্ত, এজন্য সহজ শর্তে ব্যাংক ঋণ বাড়াতে হবে, এক্ষেত্রে বেসরকারি খাতের ব্যাংকগুলোকে রক্ষণশীল মনোভাব এড়িয়ে তাদের ভূমিকা বাড়াতে হবে বলে অভিমত।

চ. **যুগান্তর :** এসএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠু ও নির্বিঘ্ন হওয়ার প্রত্যাশা জানিয়ে বিপুলসংখ্যক শিক্ষার্থী কেন ঝরে পড়েছে তা খতিয়ে দেখা জরুরি বলে অভিমত।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** গাইবান্ধার সাঁওতাল পল্লীতে আগুন লাগানোর ঘটনায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কতিপয় সদস্য জড়িত থাকার পরিপ্রেক্ষিতে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কখনও আইন নিজের হাতে তুলে না নেওয়ার এবং সাধারণ মানুষের তুলনায় তাদেরকে আরো দায়িত্বশীল হওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান :** বাড়ি ভাড়া, পরিবহণ খরচ, প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর দাম বেড়ে যাওয়ায় জীবনযাত্রার ব্যয়

অনেক বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অসাধুব্যবসায়ী ও বাড়ির মালিকদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঝ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** রাশিয়া, জাপান বাংলাদেশ থেকে শ্রমিক নিয়োগের আগ্রহ প্রকাশ করায় তাদের চাহিদা পূরণে শ্রমিকদের মৌলিক ভাষা শেখার পাশাপাশি কারিগরী শিক্ষায়ও প্রশিক্ষণ নিতে হবে বলে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে মিয়ানমারের রোহিঙ্গা সমস্যা সমাধানে দীর্ঘদিনের দ্বিপক্ষীয় চেষ্টা এবং পারসুয়েশন বা বুঝিয়ে রাজি করানোর চেষ্টার সুফল মেলেনি, এজন্য আন্তর্জাতিক চাপ বাড়াতেই জোর দিতে হবে এবং ঢাকাকে আরও শক্ত হতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'বইমেলা ও আমাদের প্রজন্ম'** শিরোনামের নিবন্ধে হাসান আজিজুল হক উল্লেখ করেছেন মানুষ লেখাপড়া শিখে একটা আকৃতি পায়, সে প্রকৃত মানুষ হয়ে উঠতে পারে। শুধুমাত্র অঙ্ক শিখে, ইন্টারনেট শিখে জ্ঞান অর্জন করলে হবে না, মানুষ হয়ে ওঠার প্রকৃত শিক্ষাও গ্রহণ করতে হবে এবং প্রজ্ঞাবান হতে হবে বলে তিনি অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা